গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
দৌলতখান, ভোলা।

স্মারক-৩২.০১.০৯২৯.০০০.০৪.০০৩.২৪-

তারিখ: ২৪/১০/২০২৪খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন মা ও শিশু সহায়তা কর্মসূচির লার্নিং হাবের অনুরুপ মডেল দৌলতখান উপজেলায় বাস্তবায়নের অংশ হিসেবে দৌলতখান উপজেলায় ০৮টি ইউনিয়ন) ০১টি পৌরসভায় সম্পূর্ণ অস্থায়ীভাবে শুধুমাত্র কর্মসূচি চলাকালীন সময়ের জন্য নিয়োগের লক্ষ্যে নিম্নোক্ত ছক অনুযায়ী আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

পদের নাম	পদের সংখ্যা= ০৯	আবেদনের যোগ্যতা
মহিলা উন্নয়ন কর্মী	০৮টি ইউনিয়ন, প্রতি ইউনিয়নে ০১ জন করে (মদনপুর, মেদুয়া, চরপাতা, উত্তর জয়নগর, দক্ষিণ জয়নগর, চরখলিফা, ,সৈয়দপুর, ভবানীপুর) ০১টি পৌরসভা দৌলতখান, ০১ জন সর্বমোট= ০৯ জন।	আবেদনকারী যেই ইউনিয়নে কাজের জন্য আবেদন করবেন তাকে অবশ্যই সেই ইউনিয়িনের স্থায়ী বাসিন্দা/সংশ্লিষ্ট ইউনিয়নে স্থায়ীভাবে বসবাসকারী হতে হবে। আবেদনকারীকে ন্যূনতম এইচএসসি পাশ হতে হবে। আবেদন কারীর বয়স ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। মানুষের সাথে যোগাযোগে দক্ষ, সাংগঠনিক দক্ষতা থাকা এবং পূর্বে কমিউনিটি অর্গানাইজার হিসেবে বা সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকতে হবে। আবেদনকারীকে অবশ্যই মহিলা হতে হবে।

মহিলা উন্নয়ন কর্মীর বিবরণঃ

- ওয়ার্ড পর্যায়ে কর্মসূচির কার্যক্রম সম্পর্কে ক্যাম্পেইন আয়োজন করা।
- নিয়মিতভাবে ওয়ার্ড পর্যায়ে স্থানীয় জনগণের সাথে কর্মসূচির মূল বার্তা সম্পর্কে পরামর্শ সভা আয়োজন ও যোগাযোগ রক্ষা করা।
- কর্মসূচির নিয়মিত কার্যক্রম পরিচালনায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে সার্বক্ষণিক সহায়তা প্রদান করা।
- স্থানীয় রিসোর্স পুলের সাথে সমন্বয় রক্ষা করা এবং ইউনিয়ন পর্যায়ে সংশ্লিষ্ট প্রশিক্ষণ আয়োজন করা।
- কর্মসূচির অবহিতকরণ সভা এবং প্রশিক্ষণ সেশনগুলোতে স্থানীয় জনগণ এবং সংশ্লিষ্ট থানার সদস্যদের অংশগ্রহণ করতে উদ্বুদ্ধ করা। প্রত্যেক মাসে নতুন ভাতাভোগী সুপারিশের জন্য ইউনিয়ন পরিষদে মাসিক সভার আয়োজন করা।
- কর্মসূচির আওতায় ভাতার সুবিধাপ্রাপ্ত মা"দের নিয়ে স্থানীয় পর্যায়ে সভার আয়োজন করা ও মাসিক কর্মপরিকল্পনা করা।
- নিয়মিত স্থানীয় পর্যায়ে উঠান বৈঠক আয়োজন ও মাঠ পর্যায়ে এবং স্থানীয় জনগণের কাছ থেকে প্রয়োজনীয় ডাটা সংগ্রহ করা।
- উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম আয়োজনে সহায়তা করা।
- ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্র, তথ্য আপা ও ইউনিয়ন পরিষদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করা।
- স্থানীয় জনগণের ইতিবাচক পরিবর্তনের কার্যক্রম ডকুমেন্টেশন এর জন্য কেস স্টাডি তৈরীতে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সংগ্রহ করা।
- সহযোগী বেসরকারি উন্নয়ন সংস্থা কর্তৃক আয়োজিত ফলো আপ প্রশিক্ষণ ও অন্যান্য সেশন আয়োজনে সহযোগিতা প্রদান করা।
- এ ছাড়াও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক নির্দেশিত অতিরিক্ত যে কোন কার্যক্রম এ সহায়তা প্রদান করা।

শর্ত ও নিয়মাবলীঃ

১। প্রার্থীকে আগামী ২০/১১/২০২৪ তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয় পত্র, অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) নাগরিক সনদপত্রসহ সকল প্রয়োজনীয় সনদ পত্রের সত্যায়িত ফটোকপি এবং ৩ (তিন) কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবিসহ, স্বহস্তে লিখিত আবেদন, মোবাইল নম্বরসহ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দৌলতখান বরাবরে আবেদন করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র জমা নেয়া হবে না। নির্ধারিত সময়ের পর জমাকৃত আবেদন স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

২। আবেদনপত্র ডাকযোগে, কুরিয়ারে অথবা সরাসরি অফিস চলাকালীন সময়ে জমা দেয়া যাবে। আবেদনপত্র পাঠানোর ঠিকানাঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, দৌলতখান, ভোলা।

৩। শিক্ষাগত যোগ্যতার সনদ,জাতীয় পরিচয়পত্রের কপি বা অন্যকোন প্রয়োজনীয় ডকুমেন্ট ক্রস ভেরিফিকেশন করে যদি নকল বা ভুয়া প্রমাণিত হয় তবে সেই প্রার্থীর আবেদন বিনা নোটিশে বাতিল বলে গণ্য হবে।

৪। আবেদন জমা দেওয়ার সময় প্রার্থী কোন ইউনিয়নে কাজের জন্য আবেদন করবেন সে ইউনিয়নের নাম ও মোবাইল নম্বর খামের উপরে স্পষ্ট করে লিখতে হবে।

৫। লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য তারিখ মোবাইল ফোন অথবা ম্যাসেস এর মাধ্যমে জানানো হবে। পরীক্ষায় অংশগ্রহনের পূর্বে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় হতে প্রবেশপত্র নিজ দায়িত্বে সংগ্রহ করতে হবে। প্রবেশ পত্র ছাড়া কাউকে লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেওয়া হবে না।

৬। প্রাথমিকভাবে মহিলা উন্নয়ন কর্মী পদের কার্যক্রমের মেয়াদ ১২ (বার) মাস (পরিবর্তনযোগ্য) তবে তিন মাস পরপর কর্মীদের কাজের মূল্যায়ন করা হবে। সেই মূল্যায়নের ভিত্তিতে দূর্বল/ধানিকর দক্ষতার কর্মীকে চাকুরী হতে অব্যাহতি দেওয়ার ক্ষমতা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৭। যে কোন আপডেট তথ্য পেতে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে যোগাযোগ করার জন্য বলা হলো।

৮। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

৯। নিয়োগ পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

মোঃ ইকবাল হোসেন
উপজেলা মহিলা বিষয় কর্মকর্তা
দৌলতখান, ভোলা।